



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য মন্ত্রণালয়  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
১২৫/এ, এ. ডব্লিউ. চৌধুরী রোড, দারুস সালাম, ঢাকা-১২১৬

নং ১৫.৫৫.০০০০.৩০১.০৬.০৩৭.১৭. ১ (৯) (ক)

তারিখঃ ২২ ভাদ্র ১৪২৭  
০৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে অংশীজনদের অংশগ্রহণে মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতি : শাহিন ইসলাম এনডিসি, মহাপরিচালক জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।  
তারিখ ও সময় : ০৬ সেপ্টেম্বর ২০২০, সকাল ১০.০০ টা।  
স্থান : সভা কক্ষ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।  
সভায় উপস্থিতি : উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ঘ' তে দেয়া হলো।

“সভার আলোচ্য বিষয়”


- ১। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।
- ২। বিবিধ।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ও সভার সভাপতি শাহিন ইসলাম এনডিসি সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে তিনি উপ-পরিচালক (প্রশাসন) কে সভার বিষয়বস্তু উপস্থাপন করার জন্য অনুমতি প্রদান করেন। উপ-পরিচালক (প্রশাসন) জানান জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত অংশীজনদের অংশগ্রহণে মতবিনিময় সভার আয়োজন করে থাকে। সভায় তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা, বেসরকারি টেলিভিশন ও বিএনএনআরসি এর প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। এক জন সম্পদব্যক্তিকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিষয়ে বিভিন্ন দিক আলোচনা করার জন্য আমন্ত্রণ জানানো হয়। এই মতবিনিময় সভায় অংশগ্রহণকারীগণ বিভিন্ন মতামত প্রকাশ করেন। সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নরূপ সুপারিশসমূহ গৃহিত হয় :

সুপারিশসমূহ:

- ১) ওয়েবসাইটের সেবাবক্স হালনাগাদ করণ;
- ২) ওয়েব সাইট হালনাগাদের জন্য একজন একটিভ কর্মকর্তাকে দায়িত্ব প্রদান;
- ৩) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ও অগ্রগতি বাবায়ন ওয়েবসাইটে প্রকাশ;
- ৪) সকল অংশীজনের সাথে প্রতি ৩ (তিন) মাসে সভা করা এবং সভার সিদ্ধান্ত ওয়েবসাইটে প্রকাশ এবং
- ৫) অভিযোগের বিবরণ ও অভিযোগ নিষ্পত্তির সারসংক্ষেপ ওয়েবসাইটে প্রকাশ করা।

উল্লিখিত সুপারিশ বাস্তবায়ন করার জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতা কমিটিকে আহবান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
৩/৯/২০

( শাহিন ইসলাম এনডিসি )  
মহাপরিচালক  
দূরালোচনা: ৫৫০৭৯৪২৮




নং : ১৫.৫৫.০০০০.৩০১.০৬.০৩৭.১৭. ৯ (৬৫ক)

০১ সেপ্টেম্বর ২০২০

অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা/কর্মশালা নোটিশ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ২০২০-২০২১ অর্থবছরের সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে অংশীজনদের অংশগ্রহণে দিনব্যাপী মতবিনিময় সভা/কর্মশালা আগামী ০৬.০৯.২০২০ খ্রি. তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ টায় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালকের সভাপতিতে ইনস্টিটিউটের সভাকক্ষে (কক্ষ নং-৩৪০) অনুষ্ঠিত হবে।

উক্ত সভা/কর্মশালায় অংশগ্রহণের লক্ষ্যে আপনার দপ্তর/প্রতিষ্ঠানের ০১ (এক) জন কর্মকর্তা মনোনয়ন প্রদানপূর্বক আগামী ০৩.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে হার্ডকপি ও ই-মেইলে (dg@nimc.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

  
২/৯/২০  
(শাহিন ইসলাম, এনডিসি)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
দুরালাপনী : ৫৫০৭৯৪২৮

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, বিচারপতি সৈয়দ মাহাবুব মোর্শেদ সরনি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, টেলিভিশন ভবন, রামপুরা, ঢাকা।
- ৪। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা।
- ৫। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউজ রোড, রমনা-১০০০।
- ৬। প্রধান নির্বাহী (চলতি দায়িত্ব), বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, দারুস সালাম, ঢাকা-১২১৬।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), ৬৮/২, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ৮। মহাপরিচালক, প্রেস ইনস্টিটিউট অব বাংলাদেশ, ১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা।
- ৯। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, এফ-৫, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
- ১১। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, তথ্য ভবন (লেভেল ১৪ ও ১৫), ১১২ সার্কিট হাউজ রোড, রমনা।
- ১২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা), শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ১৩। চেয়ারম্যান, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ৪০, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
- ১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিএনএনআরসি, বাড়ী-১৩/১, রোড-২, শ্যামলী, ঢাকা।
- ১৫। অফিস ফাইল।